দৈনিক ইনকিলাব

তারিখ ...... 8 JAN 2010
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ...... ৭

জমিয়াতুল মোদাররেছীনের অভিনন্দন

# ইবি'র অধীনে কামিল (মাষ্টার্স) পরীক্ষার ফল প্রকাশ পাসের হার ৯৫ ভাগ

ইবি সংবাদদাতা

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রথম বারের মত কামিল (মাষ্টার্স সমমান) পরীক্ষা ২০০৮-এর ফলাফল প্রকাশ করা হয়েছে। এ বছর ২০০৬-০৭ এবং ২০০৭-০৮ শিক্ষাবর্ষের কামিল প্রথম পর্বের পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হয়। পৃঃ ২ কঃ ৩

## জমিয়াতুল মোদাররেছীনের

১৬-এর পৃষ্ঠার পর

ফলাফলে পাসের হার গড়ে ৯৫% হয়েছে। মোট ১২ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। এরমধ্যে ২০০৬-০৭ শিক্ষাবর্ষ থেকে জিপিএ-৫ পেয়েছে ৫ জন, জিপিএ-৪ পেয়েছে ৫৩১ জন, জিপিএ-৩.৫ পেয়েছে ২৭২৫ জন, জিপিএ-৩ পেয়েছে ৩১০৫ জন এবং জিপিএ-২ পেয়েছে ১৫২৫ জন। অন্যদিকে, ২০০৭-০৮ শিক্ষাবর্ষ থেকে জিপিএ-৫ পেয়েছে ৭ জন, জিপিএ-৪ পেয়েছে ৬০৫ জন, জিপিএ-৩.৫ পেয়েছে ৩২৫৯ জন, জিপিএ-৩ পেয়েছে ৩৭৬৮ জন এবং জিপিএ-২ পেয়েছে ১৮৬৯ জন শিক্ষার্থী।

গতকাল (বৃহস্পতিবার) বিকাল ৪টায় সারা দেশে একযোগে ফলাফল প্রকাশিত হয়। কেন্দ্রীয়ভাবে ফলাফল উদ্বোধন করেন ইবি ভিসি প্রফেসর ড. এম আলাউদ্দিন। এ সময় পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন। ফলাফল প্রকাশকালে ভিসি পাসের হার ৯৫% হওয়ায় সন্তোষ প্রকাশ করে বলেন, 'স্বল্পসংখ্যক জনবল নিয়ে মাদ্রাসা কার্যক্রমের এ সফলতা সত্যিই আনন্দের ব্যাপার'। তিনি পরীক্ষাসংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

জমিয়াতুল মোদাররেছীনের অভিনন্দন

এদিকে কামিল পরীক্ষার ফলাফল প্রকাশ ও পাসের হার সন্তোষজনক হওয়ায় অভিনন্দন জানিয়ে বিবৃতি দিয়েছেন মাদ্রাসা শিক্ষকদের সংগঠন বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীন। সংগঠনের সভাপতি ইনকিলাব সম্পাদক আলহাজ্ব এ এম এম বাহাউদ্দীন ও মহাসচিব আলহাজ্ব অধ্যক্ষ শাব্বির আহমদ মোমতাজী বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি, ট্রেজারার, রেজিস্ট্রার ও পরীক্ষা নিয়ন্ত্রকসহ পরীক্ষা সংশ্লিষ্টকাজে সকল শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীকে অভিনন্দন জানান। এ ফলাফলের ধারাবাহিকতা রক্ষার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়েছে।